

টেক্সাসে প্লেন বিধ্বস্ত:বেঁচে গেলেন সব আরোহী

- A Monitor Desk Report

Date: 21 October, 2021



উড্ডয়নের পরপরই যুক্তরাষ্ট্রের টেক্সাসে একটি প্লেন বিধ্বস্ত হয়ে দ্বিখন্ডিত হওয়ার পর আগুন ধরে গেলেও ভাগ্যজোরে অক্ষত রয়েছেন সব আরোহী।

স্থানীয় কর্মকর্তারা জানিয়েছেন, মঙ্গলবার হিউস্টন এক্সিকিউটিভ বিমানবন্দর থেকে উড্ডয়নের পরপরই দুর্ঘটনার মুখে পড়ে ম্যাকডোনেল ডগলাস এমডি-৮৭ প্লেনটি।এসময় তাতে যাত্রী-ক্রুসহ মোট ২১ জন আরোহী ছিলেন।

প্লেনটি বিমানবন্দরের রানওয়ে ছেড়ে উড্ডয়নের পরপরই একটি বেড়ার সঙ্গে ধাক্কা লেগে পাশের মাঠে মুখ খুবড়ে পড়ে এবং ভেঙে দুই টুকরো হয়ে যায়। ভেঙে পড়ার পরপরই প্লেনের সামনের অংশে আগুন ধরে যায়। তবে আগুন লাগার আগেই সব আরোহী অক্ষত অবস্থায় বেরিয়ে আসতে পেরেছেন।

স্থানীয় কর্মকর্তারা জানিয়েছেন, রানওয়ের শেষপ্রান্তে গিয়েও প্লেনটি পর্যাপ্ত উচ্চতায় না পৌঁছানোয় এই দুর্ঘটনা ঘটেছে বলে ধারণা করা হচ্ছে। আরোহীদের দুয়েকজন সামান্য আহত হয়েছেন। তবে কারও আঘাত গুরুতর নয়।

দুর্ঘটনার পরপরই দমকলকর্মীরা ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনেন। টেলিভিশনে প্রচারিত ভিডিওতে আগুন নেভাতে দমকলকর্মীদের প্রাণান্ত প্রচেষ্টা লক্ষ্য করা যায়।

জানা যায়, মঙ্গলবার রাতে অনুষ্ঠিত একটি বেসবল ম্যাচ দেখতে ভক্তদের নিয়ে বোস্টন যাচ্ছিল প্লেনটি। কিন্তু যাত্রাপথেই দুর্ঘটনার মুখে পড়ে সেটি। তবে কপাল ভালো, এতে কারও প্রাণহানি হয়নি।